কোম্পানীগঞ্জে ঝুলন্ত অবস্থায় যুবকের লাশ উদ্ধার

কোম্পানীগঞ্জ প্রতিনিধি :
সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলায় গাছের ডালের সাথে ঝুলন্ত অবস্থায় ইয়াহিয়া (১৮) নামের এক যুবকের লাশ উদ্ধার করা হয়েছে। সে উপজেলার তেলিখাল ইউনিয়নের বিলাজুর গ্রামের রহমত আলীর ছেলে।

মঙ্গলবার ভোরে গ্রামের একটি গাছের ডালের সাথে ঝুলন্ত অবস্থায় তার লাশ উদ্ধার করে পুলিশ।

নিহতের মা আনোয়ারা বেগম জানান, আমার ৩য় ছেলে ইয়াহিয়া। প্রতিদিনের মতো গতকাল (২৯ আগস্ট) সন্ধ্যায় ঘর থেকে বের হয়ে যায়। রাতে আর ঘরে ফিরেনি। সকাল ৬ টায় গ্রামের মোহনা (৮) নামে এক ছোট মেয়ে আমাদেরকে জানায় ইয়াহিয়া গাছের সাথে ঝোলানো। পরে আমরা ঘটনাস্থলে গিয়ে দেখি আমার ছেলে ইয়াহিয়া আমাদের বাড়ির দক্ষিণ দিকে আধা কিলোমিটার দূরে গাছের ডালের সাথে ফাঁস লাগানো। তিনি আরো জানান জানামতে ইয়াহিয়ার কারো সাথে কখনো ঝগড়া বিবাদ হয়নি।

কোম্পানীগঞ্জ থানার ওসি (তদন্ত) মোঃ আল আমিন জানান, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করেছে। পরিবার জানিয়েছে কারো প্রতি কোন সন্দেহ নাই, সে আত্মহত্যা করেছে। আমরা লাশের সুরতহাল করে পোস্টমর্টেমের জন্য সিলেট এমএজি ওসমানী মেডিকেল হাসপাতালে প্রেরণ করেছি। পোস্টমর্টেমের রিপোর্ট পাওয়ার পর অন্য কোন কিছু থাকলে সেটা জানা যাবে। এখন একটি অপমৃত্যুর মামলা নেয়া হয়েছে।